রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ডিসেম্বর ৬, ২০১৫**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ/১৫ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ

**এস, আর, ও নং ৩৫১-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা তথ্য মন্ত্রণালয়াধীন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের, "চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্র সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ (৩য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৫" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায় —

(১) **"কর্তৃপক্ষ"** অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(২) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(৩) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;



**মূল্য ঃ** টাকা ৮.০০

(৫) **"প্রকল্প"** অর্থ জুলাই, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখে শুরু হওয়া এবং জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে সমাপ্ত হওয়া সরকার অনুমোদিত তথ্য মন্ত্রণালয়াধীন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের "চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্র সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ (৩য় সংশোধিত)" প্রকল্প;

(৬) **"প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারী"** অর্থ প্রকল্পের কোন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকরিরত ছিলেন এইরূপ কর্মকর্তা বা কর্মচারী;

(৭) **"প্রকল্পের চাকুরিকাল"** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকরিকাল;

(৮) **"রাজস্ব বাজেটের পদ"** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে সৃজিত বা স্থানান্তরিত কোন পদ;

(৯) **"সাময়িকভাবে পদায়নকৃত"** অর্থ প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারীকে রাজস্ব বাজেটের কোন পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা:—

(ক) তফসিলে বর্ণিত প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোন পদে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময়ে সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়োমিতকরণের পূর্বের চাকরির ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকরি সন্তোষজনক হইলে, তিনি অবসর প্রস্তুতিকালীন ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে ক্ষেত্রমত, অবসর প্রস্তুতিকালীন ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকরি সন্তোষজনক হইতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে নিয়মিত করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ**।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নিধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর উপর তাঁহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকরিকাল গণনা**।—নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর প্রকল্পে চাকুরিকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

**[বিধি-২(৩) দ্রষ্টব্য]**

"চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্র সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ (৩য় সংশোধিত)" প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহ :

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্ত হওয়ার তারিখ | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | "চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্র সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ (৩য় সংশোধিত)" প্রকল্প | শুরু-জুলাই, ২০০৬<br>সমাপ্ত-জুন, ২০১৩ | ১। সহকারী পরিচালক (অপারেশন)<br>২। সহকারী পরিচালক (মেইনটেন্যান্স)<br>৩। উপ-সহকারী প্রকৌশলী<br>৪। টেকনিশিয়ান | ০১<br>০১<br>০৪<br>০৩ |
| | | | **সর্বমোট=** | **০৯** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd